

যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:০৩ এএম

শিক্ষাজ্ঞন

বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা—তিনি বিভাগেই পিছিয়ে ছেলেরা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৮:৫৯ পিএম



২০২৫ সালের এইচএসসি ও সমমান পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা—তিনটি বিভাগেই ছেলেরা পিছিয়ে পড়েছে মেয়েদের তুলনায়। এবারের ফলাফলে দেখা যায়, ছেলেদের গড় পাশের হার ৫২ দশমিক ১৭ শতাংশ, আর মেয়েদের ৬১ দশমিক ৪৫ শতাংশ।

আজ বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় দেশের সব শিক্ষা বোর্ড একযোগে এইচএসসি ও সমমানের ফলাফল প্রকাশ করে।

প্রকাশিত তথ্য অনুযায়ী, মোট ১২ লাখ ১৫ হাজার ৬৬১ জন পরীক্ষার্থী অংশ নেয় এ পরীক্ষায়। তাদের মধ্যে পাশ করেছে ৭ লাখ ২৬ হাজার ৯৬০ জন। দেশের ১১টি শিক্ষা বোর্ডের মধ্যে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ নেয় ৪ লাখ ৮৯ হাজার ৮৭ জন ছাত্র ও ৫ লাখ ৫৮ হাজার ১৫৫ জন ছাত্রী।

ছেলেদের মধ্যে বিজ্ঞান বিভাগে অংশ নেয় ১ লাখ ১৮ হাজার ১০০ জন, মানবিক বিভাগে ২ লাখ ৬২ হাজার ৫৮২ জন এবং ব্যবসায় শিক্ষায় ৯৮ হাজার ৪০৫ জন। এর মধ্যে পাস করেছে ২ লাখ ৫৫ হাজার ১৭৬ জন, যা অংশগ্রহণকারীর ৫২ দশমিক ১৭ শতাংশ।

অন্যদিকে, মেয়েদের মধ্যে বিজ্ঞান বিভাগে অংশ নেয় ১ লাখ ৭ হাজার ৭৭ জন, মানবিক বিভাগে ১ লাখ ৮৫ হাজার ৯৪৯ জন এবং ব্যবসায় শিক্ষায় ৪৯ হাজার ৯৬৪ জন। এদের মধ্যে মোট পাশ করেছে ৩ লাখ ৪২ হাজার ৯৯০ জন, যা ৬১ দশমিক ৪৫ শতাংশ।

সার্বিকভাবে দেখা যাচ্ছে, তিন বিভাগেই ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে পাশের হারে।